

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১১৯৯

২৯. তালাক অধ্যায় (کتاب الطلاق) পরিচ্ছেদঃ ১৬. পীডিত ব্যক্তির তালাক

بَاب طَلَاقِ الْمَريضِ

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك أَنَّهُ سَمِعَ رَبِيعَةَ بْنَ أَبِي عَبْدِ الرَّحْمَنِ يَقُولُ بَلَغَنِي أَنَّ امْرَأَةَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْف سَأَلَتْهُ أَنْ يُطَلِّقَهَا فَقَالَ إِذَا حِضْت ثُمَّ طَهُرْت فَآذِنِينِي فَلَمْ تَحِضْ حَتَّى مَرِضَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْف فَلَمَّا طَهُرَتْ آذَنَتْهُ فَطَلَّقَهَا الْبَتَّةَ أَوْ تَطْلِيقَةً لَمْ يَكُنْ بَقِيَ لَهُ عَلَيْهَا مِنْ الطَّلَقِ غَيْرُهَا وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْف يَوْمَئِذٍ مَرِيضٌ فَوَرَّتَهَا عُثْمَانُ بْنُ عَقَانَ مِنْهُ بَعْدَ انْقِضَاءِ عِدَّتِهَا

## বাংলা

রেওয়ায়ত ৪২. মালিক (রহঃ) হইতে বর্ণিত, তিনি রবী"আ ইবন আবী আবদির রহমানকে বলিতে শুনিয়াছেন, তিনি বলেনঃ আমার নিকট রেওয়ায়ত পৌঁছিয়াছে যে, 'আবদুর রহমান ইবন আওফ (রাঃ)-এর এক স্ত্রী তাহার নিকট তালাক চাহিলেন। তিনি বলেনঃ তোমার মাসিক ঋতুর পর তুমি যখন পবিত্র হও তখন আমাকে অবগত করিও। তাহার ঋতু আসার পূর্বে আবদুর রহমান ইবন আওফ অসুস্থ হইয়া পড়িলেন। সে যখন ঋতু হইতে পবিত্র হইল তখন আবদুর রহমান ইবন আওফকে খবর দিল। তিনি স্ত্রীকে আল-বাত্তা তালাক দিলেন অথবা এমন তালাক দিলেন যেই তালাক দেওয়ার পরে আর কোন তালাক দেওয়ার অবকাশ থাকে না। 'আবদুর রহমান ইবন আওফ তখন পীড়িত ছিলেন। অতঃপর ইদ্দত পূর্ণ হওয়ার পর উসমান (রাঃ) আবদুর রহমান ইবন আওফের সম্পদ হইতে স্ত্রীকে মীরাস দিলেন।

## **English**

Yahya related to me from Malik that he heard Rabia ibn Abi Abd ar-Rahman say, "I heard that the wife of Abd ar-Rahman ibn Awf asked him to divorce her. He said, 'When you have menstruated and are pure, then come to me.' She did not menstruate until Abd ar-Rahman ibn Awf was ill. When she was purified, she told him and he divorced her irrevocably or made a pronouncement of divorce which was all that he had left over her Abd



arRahman ibn Awf was terminally ill at the time, so Uthman ibn Affan made her one of the heirs after the end of her idda."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন